# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪১২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, অত্র হাদীসে মিস‘আর বিন কিদাম ভুল করেছেন- তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ هَذَا الْخَبَرَ وَهَمَ فِيهِ مِسْعَرُ بْنُ كِدَامٍ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمَذَانِيُّ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بن شار قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ وَيَحْيَى بْنُ سَعِيدٍ قَالَا حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِنَّ مِنْ أَكْبَرِ الْكَبَائِرِ أَنْ يَسُبَّ الرَّجُلُ وَالِدَيْهِ قَالَ وَكَيْفَ يَسُبُّ الرَّجُلُ وَالِدَيْهِ قَالَ يَسُبُّ أَبَا الرَّجُلِ فيسب أباه ويسب أمه فيسب أمه."

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 412 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪১২. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “সবচেয়ে বড় কাবীরা গুনাহের অন্তর্ভূক্ত হলো কোন ব্যক্তি তার বাবা-মাকে গালি দেওয়া।” রাবী বলেন: “কীভাবে একজন ব্যক্তি তার বাবা-মাকে গালি দেয়?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “সে অন্য লোকের বাবাকে গালি দেয়, ফলে সেও তার বাবাকে গালি দেয়। সে অন্য লোকের মাকে গালি দেয়, ফলে সেও তার মাকে গালি দেয়।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯০; আত তায়ালিসী: আবু আওয়ানা: ১/৫৫; মুসনাদ আহমাদ: ২/১৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকুর রাগীব: ৩/২২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88876

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন